দীর্ঘমেয়াদী বিকল্পসমূহ

লালন পালন কেন্দ্র থেকে দত্তক গ্রহণ

এটা কি?: ব্যাকগ্রাউন্ড পরীক্ষা, বাড়ির চর্চা, এবং প্রশিক্ষণের মধ্য দিয়ে যাওয়ার পরে, আপনি পারিবারিক আদালত বা প্রতিনিধি আদালতের সাহায্যে দত্তক নিতে পারবেন। সেই সময়ে, স্থানীয় শিশু কল্যাণ সংস্থা বা পারিবারিক আদালতের দ্বারা আর কোনো রকম তত্ত্বাবধান করা হবে না।

মাতাপিতার অংশগ্রহণ: মা-বাবার অধিকার খর্ব করা হবে বা সমর্পন করা হবে। শিশু সংক্রান্ত সমস্ত অধিকার এবং দায়িত্ব আপনি পাবেন। কিছু ক্ষেত্রে, আদালত অনুমোদিত মা-বাবা কর্তৃক দত্তকোত্তর চুক্তি থাকতে পারে।

আর্থিক সাহায্য: দত্তকের ভর্তুকি এবং অন্যান্য সহায়তার জন্য আপনি যোগ্য বিবেচিত হতে পারেন।

ভবিষ্যতের বিকল্পসমূহ: এটি একটি স্থায়ী আইনি বন্দোবস্ত।

আত্মীয়তা অভিভাবক সহায়তা প্রোগ্রাম (KinGAP)

এটা কি?: সাবালক হওয়া পর্যন্ত শিশুটিকে সহায়তা করার জন্য আপনি সম্মত। এই বিকল্পটি তখনই উপলব্ধ হবে যখন ফস্টার কেয়ার বন্দোবস্তের মাধ্যমে শিশুটি অন্ততপক্ষে ছ'মাসের জন্য আপনার কাছে থাকবে, এবং দত্তক গ্রহণ বা পুনর্মিলনের সম্ভাবনা থাকবে না।

মাতাপিতার অংশগ্রহণ: মা-বাবা তাদের অধিকারগুলি রক্ষা করতে পারবেন এবং সাক্ষাৎ ও করতে পারবেন। তারা শিশুটিকে ফেরত পাওয়ার জন্য আদালতে আবেদন করতে পারে।

আর্থিক সাহায্য: KinGAP পেমেন্ট এবং অন্যান্য সমর্থন উপলব্ধ হতে পারে।

ভবিষ্যতের বিকল্পসমূহ: এই বিকল্পের সাথে, ফস্টার কেয়ার থেকে দত্তক গ্রহণ বাদ যায়।

প্রশ্ন

এবার আপনি আপনার কাছে উপলব্ধ বিকল্পগুলি পড়ার পর, আপনার সিদ্ধান্ত নেওয়ার আগে বিবেচনা করার একাধিক গুরুত্বপূর্ণ প্রশ্ন আছে:

1. আপনি কি এখনই আপনার বাড়িতে শিশুটিকে নিয়ে যেতে প্রস্তুত?
2. শিশুটির যত্ন নেওয়ার জন্য উপযুক্ত অর্থ এবং জায়গা আপনার আছে তো?
3. শিশুটির জন্য আপনি কতটা যত্নশীল হতে পারবেন?
4. শিশুটির পরিচর্যা কি শিশুটির মা-বাবার সাথে আপনার সম্পর্ককে প্রভাবিত করবে?
5. আপনার এবং শিশুটির জন্য কোন আত্মীয়তার যত্নশীলতার বিকল্পটি সেরা?
6. কতটা ভালোভাবে আপনি সমাজসেবা এবং অন্যান্য এজেন্সির স্থানীয় দপ্তরগুলির সাথে কাজ করতে পারবেন?
7. কতটা সহায়তা আপনার প্রয়োজন?

যোগাযোগের তথ্য

কেসওয়ার্কার: ____________________

ফোন নাম্বার: ____________________

সুপারভাইজার: ____________________

ফোন নাম্বার: ____________________

NEW YORK STATE | Office of Children and Family Services

এই পুস্তিকাটি কঠিন সময়ে একটি পরিবারকে সহায়তা করার পথপ্রদর্শক। কেসওয়ার্কার, আপনার পরিবার এবং আপনাকে শিশুর যত্ন সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে সাহায্য করতে পারবে এমন কোন ব্যক্তির সাথে এই বিকল্পগুলি নিয়ে আলোচনা করুন।

আত্মীয় পরিজনের যত্নশীলতা নিয়ে আপনার প্রশ্ন থাকলে, **ocfs.ny.gov/kinship** ওয়েবসাইটটি দেখুন

একটি ভয়েস এবং একটি পছন্দ: আত্মীয়পরিজনদের দ্বারা শিশুদের প্রতিপালনের জন্য নিউ ইয়র্ক স্টেট হস্তপুস্তিকা (***Having a Voice and a Choice:*** *New York State Handbook for Relatives Raising Children*) এবং **আপনার বিকল্পগুলি জানুন:** শিশুদের জন্য আত্মীয়পরিজনদের যত্ন (***Know Your Options:*** *Relatives Caring for Children*) এ প্রবেশ করতে "সহায়ক সম্পদ" (Helpful Resources) বোতামটি নির্বাচন করুন।

অথবা

কল করুন **1 (800) 345-5437**

নিচে আত্মীয়তার সম্পদ সম্পর্কে আরো তথ্য আপনি পাবেন: **www.nysnavigator.org**

অথবা

কল করুন **1 (877) 454-6463**

বা navigator@nysnavigator.org এ ইমেল করুন

"... আমাদের সন্তান, পরিবার, এবং সম্প্রদায়গুলির সুরক্ষা, স্থায়ীত্ব, এবং ভালো থাকাকে সহায়তা করা।"

আমেরিকার প্রতিবন্ধী আইন অনুযায়ী (Americans with Disabilities Act), শিশু এবং পরিবার পরিষেবা কার্যালয় (Office of Children and Family Services) অনুরোধ অনুযায়ী এই পুস্তিকাটি যথাযথ ফরম্যাটে উপলব্ধ করবে।

Pub-5175-BN (12/2016)

আপনার বিকল্পগুলি জানুন:

শিশুদের জন্য আত্মীয় পরিজনের যত্ন

আত্মীয়পরিজন বলতে দাদু-ঠাকুমা, কাকিমা বা কাকুর মত পরিবারের সদস্য বা পরিবারের বন্ধুও হতে পারে।

NEW YORK STATE | Office of Children and Family Services

আত্মীয়-পরিজনের যত্ন কি?

কখনও কখনও শিশুটি তার মা-বাবার কাছে সুরক্ষিত থাকেনা। সেক্ষেত্রে পরিবারের আত্মীয়স্বজন বা বন্ধুরা সব সময়ের জন্য শিশুটির যত্ন নিতে পারে আত্মীয় বা পারিবারিক বন্ধুদের বাড়িতে। এটিই আত্মীয় পরিজনের যত্ন হিসাবে পরিচিত।

যখন কোন শিশুর সুরক্ষার কেসে শিশুর স্থানীয় ওয়েলফেয়ার এজেন্সি যুক্ত থাকে তখন এটি সাময়িকভাবে পরিবার নিজেই করতে পারে, বা স্থায়ীভাবে পারিবারিক আদালত পারে।

আত্মীয় পরিজনের যত্ন বিভিন্ন ধরণের হতে পারে, যা বিভিন্ন স্তরের দায়িত্ব ও আর্থিক সাহায্য সঙ্গে যুক্ত।

সিদ্ধান্ত নেওয়ার আগে আপনি সমস্ত বিকল্পগুলি বুঝেছেন কিনা সেটা গুরুত্বপূর্ণ।

সব কিছুর ওপরে, যখন আপনি এবং আপনার পরিবার কোনটা সেরা সেটা সিদ্ধান্ত নিবেন তখন আপনি অবশ্যই যত্নসহকারে শিশুটির প্রয়োজনগুলি বিবেচনা করবেন।

"আত্মীয়পরিজন দ্বারা প্রতিপালিত হওয়া শিশুরা উত্সাহিত করে।"

- যত্ন প্রদানকারী দাদু-ঠাকুমা

আত্মীয় পরিজনের যত্নের সুযোগ সুবিধা

আত্মীয় পরিজনের যত্নের সুযোগ সুবিধা সুপ্রতিষ্ঠিত।

আত্মীয় পরিজনের যত্ন সাহায্য করে নিম্নলিখিত ক্ষেত্রে:

- মা-বাবা ও পরিবারের বিচ্ছেদের কলঙ্ক ও মানসিক আতঙ্ক কমায়;
- ভাইবোন এবং মা-বাবার সাথে দেখা হয় এবং যোগাযোগ থাকে;
- পারিবারিক সংস্কারের ধারাবাহিকতাকে সম্মান করে;
- স্থায়ীত্ব আসে; এবং
- ব্যবহারিক, শিক্ষাগত এবং মানসিক স্বাস্থ্যের সমস্যা কমায়।

যত্নপ্রদানকারী আত্মীয়তা শিশুর ইতিহাস এবং অন্যান্য প্রয়োজনীয়তাগুলি জানে, যা শিশুটির মা-বাবার বিচ্ছেদের ফলে পাওয়া আতঙ্কের প্রভাব কমাতে সাহায্য করে।

ঘরোয়া যত্নশীলতা

এটা কি?: আপনি সাময়িকভাবে শিশুর যত্ন নিচ্ছেন। আপনার কাছে শিশুটির আইনি হেফাজত বা অভিবাবকত্ব নাই।

মাতাপিতার অংশগ্রহণ: যেকোন সময় শিশুটি তার মা-বাবার কাছে ফেরত আসতে পারে।

আর্থিক সাহায্য: আপনি একাধিক সমাজসেবামূলক প্রোগ্রাম এবং সাহায্যের জন্য যোগ্য হতে পারেন।

ভবিষ্যতের বিকল্পসমূহ: আপনি আদালতের কাছে আইনি হেফাজত বা অভিভাবকত্ব চাইতে পারেন। যদি পরবর্তীতে শিশুটিকে আপনি দত্তক নিতে চান, তাহলে আপনি আর অর্থের ভর্তুকির যোগ্য থাকবেন না।

সরাসরি প্লেসমেন্ট (অনুচ্ছেদ 10)

এটা কি?: শিশুদের স্থানীয় ওয়েলফেয়ার এজেন্সি তাদের হোম থেকে শিশুকে সরিয়ে দেওয়ার পরে, পারিবারিক কোর্ট আপনার অস্থায়ী আইনি হেফাজতে শিশুটিকে দেবে। আপনি শিশুটির স্থানীয় ওয়েলফেয়ার এজেন্সি এবং পারিবারিক আদালতের তদারকিতে শিশুটির লালনপালন করবেন।

মাতাপিতার অংশগ্রহণ: মা-বাবাকে হয়তো শিশুটির সাথে দেখা করার অনুমতি দেওয়া হবে, কিন্তু তারা আদালতের অর্ডার ছাড়া আর হেফাজত পেতে পারবে না।

আর্থিক সাহায্য: আপনি একাধিক সমাজসেবামূলক প্রোগ্রাম এবং সাহায্যের জন্য যোগ্য হতে পারেন।

ভবিষ্যতের বিকল্পসমূহ: যদি পরবর্তীতে শিশুটিকে আপনি দত্তক নিতে চান, তাহলে আপনি আর অর্থের ভর্তুকির যোগ্য থাকবেন না।

আইনি হেফাজত বা অভিভাবকত্ব (অনুচ্ছেদ 6)

এটা কি?: আপনি শিশুটির আইনি হেফাজত বা অভিভাবকত্ব পাওয়ার জন্য পারিবারিক আদালতে পিটিশান দেবেন। সেই সময়ে, স্থানীয় শিশু কল্যাণ সংস্থা বা পারিবারিক আদালতের দ্বারা আর কোনো রকম তত্ত্বাবধান করা হবে না।

মাতাপিতার অংশগ্রহণ: মা-বাবাকে হয়তো শিশুটির সাথে দেখা করার অনুমতি দেওয়া হবে, কিন্তু তারা আদালতের অর্ডার ছাড়া আর হেফাজত পেতে পারবে না।

আর্থিক সাহায্য: আপনি একাধিক সমাজসেবামূলক প্রোগ্রাম এবং সাহায্যের জন্য যোগ্য হতে পারেন।

ভবিষ্যতের বিকল্পসমূহ: যদি পরবর্তীতে শিশুটিকে আপনি দত্তক নিতে চান, তাহলে আপনি আর অর্থের ভর্তুকির যোগ্য থাকবেন না।

আত্মীয়তা-সম্পর্কিত ফস্টার কেয়ার

এটা কি?: একটি শিশুকে তার বাড়ি থেকে সরিয়ে দিলে, শিশুটির স্থানীয় ওয়েলফেয়ার এজেন্সি আইনি হেফাজত নেয়, শিশুটিকে আপনার কাছে ফস্টার কেয়ার চুক্তিপত্রের মাধ্যমে দেওয়া হয়।

আপনাকে ফস্টার মাতাপিতার প্রশিক্ষণ, ব্যাকগ্রাউন্ড পরীক্ষা, এবং অনুমোদনের মধ্য দিয়ে যেতে হবে। যদি শিশুটির সাথে আপনার রক্ত, বৈবাহিক, বা দত্তক-সংক্রান্ত সম্পর্ক থাকে তাহলেই এই বিকল্পটি প্রযোজ্য হবে।

মাতাপিতার অংশগ্রহণ: মা-বাবাকে হয়তো শিশুটির সাথে দেখা করার অনুমতি দেওয়া হবে, কিন্তু তারা আদালতের অর্ডার ছাড়া আর হেফাজত পেতে পারবে না।

আর্থিক সাহায্য: আপনি ফস্টার কেয়ার ভাতা এবং অন্যান্য সাহায্যের যোগ্য।

ভবিষ্যতের বিকল্পসমূহ: যদি পরবর্তীতে শিশুটিকে আপনি দত্তক নিতে চান, তাহলে আপনি দত্তক সংক্রান্ত অর্থের ভর্তুকির যোগ্য হতে পারেন।

যদি দত্তক গ্রহণ উদ্দেশ্য না হয় এবং মা-বাবার কাছে ফেরত পাঠানো সম্ভব না হয়, আরেকটি ভবিষ্যত বিকল্প হল আত্মীয়তা অভিভাবকত্ব সহায়তা প্রোগ্রাম (Kinship Guardianship Assistance Program, KinGAP) যার মধ্যে KinGAP পেমেন্ট অন্তর্ভুক্ত থাকে।